# উপজেলা পরিষদ কার্যালয়

## শালিখা, মাগুরা

**আগস্ট'২০২৩ মাসে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৫১তম সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ কামাল হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ৩১.০৮.২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:৩০ টা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : (পরিশিষ্ট 'ক'ও 'খ' দ্রষ্টব্য)

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা কর্তৃক গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং গত সভার সিদ্ধান্ত অনুযায়ী আলোচ্যসূচির উপর আলোচনা করা হয়। [illegible] সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

| দপ্তর/প্রতিষ্ঠানের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্ত[illegible] |
|---|---|---|---|
| পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন ঃ | গত ১৮.০৭.২০২৩ খ্রিঃ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় ও দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা হয়। | উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে বিগত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নি[illegible] অফিসার শালি[illegible] মাগুরা |
| ১। উপজেলা কমিটি এবং উপজেলা পরিচালন ও [illegible] প্রকল্প | ইউডিএফ, শালিখা, মাগুরা সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পে বিভিন্ন দপ্তর ও ইউনিয়ন পরিষদ থেকে জমাকৃত উপ-প্রকল্পসমূহ হতে মোট ৩টি অবকাঠামোগত উপ-প্রকল্প জুলাই/২৩ মাসের ৫০তম সাধারণ সভায় অনুমোদন করা হয়েছে। এর মধ্যে পাথরঘাটা কমিউনিটি ক্লিনিকে বাউন্ডারি ওয়াল নির্মাণের পরিবর্তে পাথরঘাটা কমিউনিটি ক্লিনিকে ওয়াশব্লক নির্মাণ এবং ০৩ টি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্মার্ট বোর্ড স্থাপন এর পরিবর্তে ০৪ টি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্মার্ট বোর্ড স্থাপন সংশোধনের জন্য তিনি সভায় উপস্থাপন করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশোধিত প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউডিএফ, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | ইউ[illegible] শালি[illegible] |
| ২। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, বর্তমান সারা দেশে ডেঙ্গু রোগ ভয়াবহ আকারে ছড়িয়ে পড়েছে। ডেঙ্গু রোগ প্রতিরোধে শালিখা স্বাস্থ্য বিভাগ কাজ করে যাচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫৫ জন ডেঙ্গু রোগী রয়েছে। এডিশ মশা নিধনে পরিষ্কার-পরিচ্ছন্নতা, সচেতনার জন্য প্রচার-প্রচারণাবাবদ মাইকিং এবং স্বাস্থ্য শিক্ষা দেয়া অব্যাহত আছে। ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিশ মশা নিধনের বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়। | ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিশ মশা নিধনে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সচেতনার জন্য প্রচার-প্রচারণা বাবদ মাইকিং করার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ করা হয়। | সকল [illegible] চেয়া[illegible] উপজে[illegible] ও পরিবার পরিক[illegible] কর্মক[illegible] শালিখা [illegible] |
| ৩। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | উপজেলা কৃষি অফিসার, শালিখা, মাগুরা সভায় জানান যে, শালিখা উপজেলায় বর্তমানে রোপা আমন মৌসুমে ১৪,৫৫০ হেক্টর রোপা আমন ধানের আবাদের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৪,৫৮০ হেক্টর চূড়ান্ত আবাদ অর্জিত হয়েছে যা গত বছরের তুলনায় ৪৪০ হেক্টর বেশি। ইতিমধ্যে রোপা আউশ ধানের কর্তন শুরু হয়েছে। মাঠে দন্ডায়মান ফসলের সার্বিক অবস্থা ভালো। আমন ধানের রোপণ চলমান। বর্তমানে ইউরিয়া সারসহ অন্যান্য নন-ইউরিয়া সার উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। এ সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং অব্যাহত আছে। | বীজ, ইউরিয়া ও নন ইউরিয়া সার উত্তোলন ও বিতরণ যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা কৃষি অফিসার, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উ[illegible] অফি[illegible] শালি[illegible] |
| ৪। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | ক. উপজেলা প্রকৌশলী, শালিখা, মাগুরা সভায় জানান যে, গত ১৭.০৮.২০২৩ খ্রি. ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২৩-৮১৮ নং স্মারকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির(এডিপি) ১ম কিস্তি বাবদ ২১.৫৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। | ক. বিধি মোতাবেক বিভিন্ন উৎস থেকে প্রকল্প তালিকা চেয়ে পত্র প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা প্রকৌশলী, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপ[illegible] প্রকৌ[illegible] এলজি[illegible] শালিখা, মাগুরা |

<table>
<tr>
<td></td>
<td>খ. মাননীয় জেলা প্রশাসক, মাগুরা মহোদয় চলতি অর্থবছরে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে টি. আর বাবদ উপজেলার শিক্ষা পার্ক উন্নয়নে ২.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করেছেন। এর সাথে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২.০০ লক্ষ বরাদ্দ দিয়ে মোট ৪.০০ লক্ষ টাকার উন্নয়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্ত মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলের (রাজস্ব উদ্বৃত্ত) অর্থায়নে উপজেলা শিক্ষা পার্ক উন্নয়নের জন্য একটি প্রকল্প ও জনগুরুত্বপূর্ণ ০২টি রাস্তা ফ্ল্যাট সোলিং এর জন্য মোট ০২টি প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করা হয়।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td></td>
<td>১. উপজেলা শিক্ষা পার্ক উন্নয়ন - ২.০০ লক্ষ টাকা
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কমিটির বিবরণ</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>১.</td><td>জনাব মোঃ জাহাঙ্গীর বিশ্বাস<br>ইউ.পি সদস্য, আড়পাড়া ইউনিয়ন পরিষদ</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২.</td><td>জনাব মোঃ ইবাদ আলী,<br>ইউডিএফ, শালিখা, শালিখা</td><td>সেক্রেটারী</td></tr>
<tr><td>৩.</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,<br>শালিখা, মাগুরা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর,<br>শালিখা, মাগুরা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>জনাব দেব্রত কুমার দে, প্রভাষক<br>আড়পাড়া ডিগ্রী কলেজ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td>মোঃ মোশাররফ হোসেন, ইমাম<br>উপজেলা জামে মসজিদ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>তথ্য সেবা কর্মকর্তা<br>শালিখা, মাগুরা</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>১. ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের (রাজস্ব উদ্বৃত্ত) অর্থায়নে উপজেলা শিক্ষা পার্ক উন্নয়ন - ২.০০ লক্ষ টাকার প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td>
<td>[illegible] শালিখা, [illegible] ও প্রকল্প [illegible]</td>
</tr>
<tr>
<td></td>
<td>২. (ক) কাতলী পশ্চিমপাড়া জামে মসজিদ সংলগ্ন মন্নাফের বাড়ি হইতে হারুনের বাড়ি পর্যন্ত রাস্তা ফ্ল্যাট সোলিং দ্বারা উন্নয়ন- ১.০০ লক্ষ টাকা<br>(খ) কাতলী উত্তরপাড়া বকুলতলা জামে মসজিদ হইতে ফারুকের বাড়ি পর্যন্ত ফ্ল্যাট সোলিং দ্বারা উন্নয়ন--১.০০ লক্ষ টাকা
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কমিটির বিবরণ</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>১.</td><td>জনাব মোঃ গোলাম মোস্তফা<br>ইউ.পি সদস্য শতখালী ইউনিয়ন পরিষদ</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২.</td><td>জনাব মোঃ জসিম মোল্যা<br>ইউ.পি সদস্য, শতখালী ইউনিয়ন পরিষদ</td><td>সেক্রেটারী</td></tr>
<tr><td>৩.</td><td>জনাব সাহেদ হাসান লিটন<br>ইউ.পি সদস্য, আড়পাড়া ইউনিয়ন পরিষদ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>জনাব মোঃ জাহাঙ্গীর বিশ্বাস<br>ইউ.পি সদস্য, আড়পাড়া ইউনিয়ন পরিষদ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>জনাব মোঃ আশরাফুল আলম<br>প্রধান শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td>জনাব মোঃ চাঁন মিয়া<br>দফাদার, শতখালী ইউনিয়ন পরিষদ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>জনাব মোঃ নূর হোসেন<br>ইমাম, শতখালী ইউনিয়ন</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>২. ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের (রাজস্ব উদ্বৃত্ত) অর্থায়নে (ক) কাতলী পশ্চিমপাড়া জামে মসজিদ সংলগ্ন মন্নাফের বাড়ি হইতে হারুনের বাড়ি পর্যন্ত রাস্তা ফ্ল্যাট সোলিং দ্বারা উন্নয়ন-১.০০ লক্ষ টাকা (খ) কাতলী উত্তরপাড়া বকুলতলা জামে মসজিদ হইতে ফারুকের বাড়ি পর্যন্ত ফ্ল্যাট সোলিং দ্বারা উন্নয়ন--১.০০ লক্ষ টাকা সর্বমোট ২.০০ লক্ষ টাকার প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td>
<td>[illegible] শা[illegible] ও প্রকল্প [illegible]</td>
</tr>
<tr>
<td>৫। প্রাণিসম্পদ অধিদপ্তর</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, জাত উন্নয়নের লক্ষ্যে ৬০০ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়। গবাদি প্রাণির রোগ প্রতিরোধ কার্যক্রম হিসাবে ৪৮৬০ গবাদি প্রাণির টিকা এবং ১০৭০০০ হাঁস-মুরগীর টিকা প্রয়োগ/বিতরণ/সরবরাহ করা হয়। গবাদিপ্রাণি, হাঁস-মুরগী পালনে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ০৪টি উঠান বৈঠক আয়োজন করা হয়। গবাদি প্রাণি, হাঁস-মুরগীর চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে উপজেলার ২টি গ্রামে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনা করা হয়। অসুস্থ গবাদি প্রাণি, হাঁস-মুরগী ও পোষা প্রাণির কার্যক্রম চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>উ[illegible] প্রাণি[illegible] কর্মক[illegible] শালিখা, [illegible]</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৬। সমাজ সেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন এর প্রক্রিয়া চলমান। | উপজেলা সমাজসেবা দপ্তরের সকল প্রকার ভাতাদি ও ঋণ কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপ[illegible] সমা[illegible] শালি[illegible] |
| ৭। মৎস্য অধিদপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, মৎস্য আইন বাস্তবায়নে সবাইকে সহযোগিতা করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | মৎস্য দপ্তরের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপজেলা [illegible] কর্মকর্তা, শালিখা, মা[illegible] |
| ৮। উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | প্রাথমিক শিক্ষা দপ্তরের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপজেলা [illegible] শালি[illegible] |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | মাউশি অধিদপ্তরাধীন পিবিজিএসআই স্কীমের আওতায় গত অর্থবছরে (২০২২-২০২৩) শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান প্রাপ্ত ১৯টি প্রতিষ্ঠান প্রধানদের সাথে গত ২৮.০৮.২০২৩ খ্রি. তারিখে একটি সভা করা হয়েছে। প্রতিষ্ঠান প্রতি ৫.০০ লক্ষ টাকা ব্যয়ের নিয়মাবলী এবং বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তনপূর্বক বিল-ভাউচার তৈরির বিষয়ে আলোচনা করা হয়। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে কার্যক্রম চলমান। পিবিজিএসআই স্কীমের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে অনুদান প্রদানের লক্ষ্যে স্কুল ও মাদ্রাসা হতে প্রাপ্ত তথ্যাদি যাচাই পূর্বক স্কোরিং করা হয়েছে। শতকরা ৭০ বা তদুর্ধ্ব নম্বর প্রাপ্ত ১৬ টি শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য এক্সেল ফরমেটে অনলাইনে এবং হার্ডকপি ও আনুষঙ্গিক কাগজপত্র ডাকযোগে ঢাকায় প্রেরণ করা হয়েছে। কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের চাহিত তথ্যাদি এনএসআই মাগুরা জেলা দপ্তরে প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচীর আওতায় ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি কার্যক্রম চলমান। ৫০তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা- ২০২৩ এর উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ১১ সেপ্টেম্বর আড়পাড়া সরকারি আইডিয়াল হাই স্কুল মাঠে অনুষ্ঠিত হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কার্যালয়ের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শালিখা, মাগুরা |
| ১০। উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, শালিখা উপজেলায় এ দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। তিনি শালিখায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। খাবার বড়ি (সুখী) ৯৮%, কনডম ৮৩%, ইনজেকটেবল'স ৬৮%, আইইউডি ৯০%, ইমপ্লান্ট ৯০%, বন্ধ্যাকরণ ৩৬% ব্যবহৃত হয়েছে। মোট সক্ষম দম্পতি ৩২৬০৪ জন, মোট সেবা গ্রহণকারী ২৫,৭৭৮ জন ও গ্রহনকারীর হার ৭৯.০৬% । এছাড়া গর্ভবতীদের যত্ন , গর্ভোত্তর যত্ন এবং ডেলিভারী বিষয়ক কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক বলে সভায় জানানো হয়। | পরিবার পরিকল্পনা বিভাগের মাঠকর্মীদের দায়িত্ব, কর্তব্য যথাযথভাবে সম্পাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপ[illegible] পরি[illegible] পরিক[illegible] কর্মক[illegible] শালিখা। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে সাধারণ ও নির্বাচনী পর্যায়ের (টি.আর, কাবিটা/কাবিখা- চাল, গম) ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। বিভাজন অনুযায়ী দ্রুত প্রকল্প তালিকা জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপজেলা [illegible] বাস্তবায়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা |
| ১২। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শালিখা, মাগুরা সভায় জানান যে, চলতি অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩২,৮০,০০০/- টাকা। চলতি মাসে ১৫ আগস্ট ৯ জন যুব ও ১০ জন যুব মহিলামোট ১৯ জনের মধ্যে ৯,৬৫,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরন ৮,৩৩,৩৮,০০০/- টাকা। আদায়ের হার ৯৮%। চলতি অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। এ পর্যন্ত ক্রমপুঞ্জিত পুরুষ ৪২০৯ জন | যুব ও যুব মহিলাদের বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান এবং ঋণ বিতরণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপ[illegible] অ[illegible] শালি[illegible] |

<table>
<tr><td></td><td>এবং মহিলা ২৭২১ মোট ৬৯৩০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ বিতরণসহ লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩। উপজেলা পল্লী উন্নয়ন অধিদপ্তর</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শালিখা, মাগুরা সভায় জানান যে, এ দপ্তরের সমিতির সংখ্যা মোট ৩৪৫ টি এবং সদস্য সংখ্যা ১০৪৮৯ জন। চলতি অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৯৬.০০ লক্ষ টাকা। ঋণ বিতরণ করা হয়েছে ৭৬.১১ লক্ষ টাকা, ঋণ বিতরণের হার ১৩%, ঋণ আদায় করা হয়েছে ২৭.৮১ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৯৭%। কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল খাতে ২৬ জন সদস্যের অনুকূলে ৪৬.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায় হয়েছে ৩০.৮৫ লক্ষ টাকা। অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান।</td><td>সভায় বিধি-বিধান অনুসারে ঋণ বিতরণ কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী [illegible]</td></tr>
<tr><td>১৪। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শালিখা, মাগুরা এর প্রতিনিধি সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলমান।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মহিলা [illegible] শালিখা [illegible]</td></tr>
<tr><td>১৫। উপজেলা সমবায় অধিদপ্তর</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, উপজেলায় ৫১টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। কেন্দ্রীয় পউবো ০২টি এবং প্রাথমিক পউবো ৩৩৯ টি সমবায় সমিতি রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত সমিতির অডিট, পরিদর্শন, তদারকি ও উদ্বুদ্ধকরণ সভা করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে প্রচলিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ পূর্বক ঋণ বিতরণ ও ঋণ আদায় এবং অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>[illegible] সমবায় কর্মকর্তা শালিখা [illegible]</td></tr>
<tr><td>১৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শালিখা, মাগুরা সভায় ৩১/০৮/২০২৩ খ্রি. আড়পাড়া এলএসডির খাদ্য শস্যের মজুদ ও নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার দর উপস্থাপন করেন ।
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>বিবরণ</td><td>মেঃটন/টাকা</td></tr>
<tr><td>০১.</td><td>মজুদ ঃ</td><td></td></tr>
<tr><td></td><td>(ক) চাল</td><td>৮৬০.৮৮৩ মে:টন</td></tr>
<tr><td></td><td>(খ) ধান</td><td>১৮১.১৮০ মে:টন</td></tr>
<tr><td>০২.</td><td>বাজারদরঃ</td><td>প্রতি কেজি</td></tr>
<tr><td></td><td>(ক) মোটা ধান</td><td>২৭-২৮ টাকা</td></tr>
<tr><td></td><td>(খ) চিকন ধান</td><td>৩০-৩২ টাকা</td></tr>
<tr><td></td><td>(গ) মোটা চাল</td><td>৪৭-৪৮ টাকা</td></tr>
<tr><td></td><td>(ঘ) চিকন চাল</td><td>৫২-৬৫ টাকা</td></tr>
<tr><td></td><td>(ঙ) চিনি</td><td>১৩০-১৩৫ টাকা</td></tr>
<tr><td></td><td>(চ) মসুর ডাল</td><td>৯০-১০০ টাকা</td></tr>
<tr><td></td><td>(ছ) সয়াবিন</td><td>১৭৫-১৮০ টাকা</td></tr>
<tr><td></td><td>(জ) সরিষার তেল</td><td>২০০-২১০টাকা</td></tr>
<tr><td></td><td>(ঝ) খোলা আটা</td><td>৪৪-৪৫ টাকা</td></tr>
<tr><td></td><td>(ঞ) গম</td><td>৪৪-৪৫ টাকা</td></tr>
</table></td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা [illegible] শালিখা, [illegible]</td></tr>
<tr><td>১৭। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শালিখা, মাগুরা সভায় জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৮২ টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে যার ৫০% স্থান সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট ৫০% স্থান ইউনিয়ন ওয়াটস্যান (WATSAN) কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। ইউনিয়ন ওয়াটস্যান (WATSAN) কমিটির নির্বাচিত স্থান তালিকা উপজেলা ওয়াটস্যান (WATSAN) কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।</td><td>ক. মাঠ পর্যায়ে নলকূপ স্থাপনের কাজ যথাযথভাবে মনিটরিং করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।<br>খ. উপজেলা (WATSAN) কমিটির সভা আহবানপূর্বক উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) শালিখা মাগুরা</td></tr>
<tr><td>১৮। বন বিভাগ</td><td>উপজেলা ফরেস্টার, শালিখা, মাগুরা সভায় জানান যে, চলতি বর্ষা মৌসুমে উপজেলার ০৭টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে বন বিভাগ থেকে ৫০০টি চারা ক্রয়পূর্বক নিজ নিজ ইউনিয়নে রোপণ করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন।</td><td>বন বিভাগ থেকে চারা ক্রয়পূর্বক নিজ নিজ ইউনিয়নেরোপণ করার জন্য উপজেলার সকল ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।</td><td>সকল ইউ.পি [illegible]</td></tr>
</table>

<table>
<tr>
<td>১৯। তথ্য সেবা কেন্দ্র</td>
<td>তথ্য সেবা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, আগস্ট/ ২০২৩ মাসে ডোর টু ডোর ৭৫০ জন মহিলাকে তথ্যসহ সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ২৫০ জন মহিলাকে স্বাস্থ্যসেবা ডায়বেটিকস ও প্রেসার পরিমাপ করা হয়। এছাড়া সামাজিক সচেতনতা ও অন্যান্য বিষয় যেমন বাল্যবিবাহ ও জেন্ডার বৈষম্য নিয়ে বিভিন্ন গ্রামে সচেতনতামূলক মহিলাদের মাধ্যমে ১৫টি ভিডিও প্রদর্শন করা হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>তথ্য সেবা কেন্দ্র, শালিখা, মাগুরার সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>তথ্য সে[illegible] কর্মক[illegible] শালি[illegible]</td>
</tr>
<tr>
<td>২০। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন</td>
<td>পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় আগস্ট, ২০২৩ মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা ও অর্জন প্রতিবেদন উপস্থাপন করেনঃ
<table>
<tr><th>বিবরণ</th><th>আগস্ট/২৩ মাসে লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা)</th><th colspan="3">আগস্ট/২৩ পর্যন্ত অর্জন</th></tr>
<tr><th></th><th></th><th>বিতরণ (লক্ষ টাকা)</th><th>আদায় (লক্ষ টাকা)</th><th>আদায় হার</th></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>৩৬০.০০</td><td>৪০.০০</td><td>২৯.৫৪</td><td>৯৮%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা ঋণ</td><td>৯০.০০</td><td>১৫.০০</td><td>১১.৩০</td><td>৯৯%</td></tr>
<tr><td>ক্ষুদ উদ্যোক্তা ঋণ</td><td>১৬০.০০</td><td>২৬.৬৫</td><td>১৫.০০</td><td>৯৯%</td></tr>
<tr><td>প্রণোদনা ঋণ-২</td><td>৩৫.০০</td><td>১২.০০</td><td>১৭.০০</td><td>১০০%</td></tr>
<tr><td>কৃষি জীবিকায়ন</td><td>৩৫.০০</td><td>৬.০০</td><td>০০</td><td>০০</td></tr>
</table></td>
<td>সর্বশেষ বিধি-বিধান অনুসরণ পূর্বক ঋণ বিতরণ ও ঋণ আদায় এবং অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>পল্লী দা[illegible] বি[illegible] কর্মক[illegible] শালি[illegible]</td>
</tr>
<tr>
<td>২১। পল্লী বিদ্যুৎ সমিতি</td>
<td>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শালিখা বলেন যে বর্তমানে সারাদেশেই মাঝে মাঝে লোড শেডিং হচ্ছে। বর্তমানে আরওডব্লিউ কাজ চলমান থাকায় এলাকা ভিত্তিক কিছু লাইন বন্ধ করে কাজ করা হচ্ছে যা সেপ্টেম্বর মাস পর্যন্ত অব্যাহত থাকবে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>পল্লী বিদ্যুৎ সমিতি, শালিখা, মাগুরার সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>ডিজি[illegible] পল্লী বিদ্যুৎ [illegible] শালি[illegible]</td>
</tr>
<tr>
<td>২২। পল্লী সঞ্চয় ব্যাংক</td>
<td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শালিখা শাখা, মাগুরা সভায় আগস্ট/২০২৩ মাসে তার দপ্তরের সঞ্চয় আদায়, ঋণ বিতরণ এবং ঋণ আদায় অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন।<br>সঞ্চয় আদায় ঃ
<table>
<tr><th>বছরে লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা)</th><th colspan="3">সঞ্চয়</th></tr>
<tr><th></th><th>অর্জন (মাসে)</th><th>অর্জন (বছরে)</th><th>আদায়হার</th></tr>
<tr><td>১.১০</td><td>০.০০৯১</td><td>০.০০৯১</td><td>৮.২%</td></tr>
</table>
ঋণ বিতরণ ঃ
<table>
<tr><th>বছরে লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা)</th><th colspan="3">ঋণ বিতরণ</th></tr>
<tr><th></th><th>অর্জন (মাসে)</th><th>অর্জন (বছরে)</th><th>আদায়হার</th></tr>
<tr><td>১৫.৭১</td><td>০.৯৮</td><td>০.৯৮</td><td>৮০%</td></tr>
</table>
ঋণ আদায় ঃ
<table>
<tr><th>বছরে লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা)</th><th colspan="3">ঋণ আদায়</th></tr>
<tr><th></th><th>অর্জন (মাসে)</th><th>অর্জন (বছরে)</th><th>আদায়হার</th></tr>
<tr><td>১৫.৩১</td><td>০.৯২</td><td>০.৯২</td><td>৮০%</td></tr>
</table></td>
<td>সর্বশেষ বিধি-বিধান অনুসরণ পূর্বক সঞ্চয় আদায়, ঋণ বিতরণ ও ঋণ আদায় এবং অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শালিখা শাখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, শালি[illegible] শা[illegible]</td>
</tr>
<tr>
<td>২৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়</td>
<td>সহকারী প্রোগ্রামার, শালিখা, মাগুরা সভায় জানান যে, উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরসমূহের ওয়েব পোর্টালের আইডি ও পাসওয়ার্ড ইতিপূর্বে প্রশিক্ষণের মাধ্যমে প্রদান করা হয়েছে। কিন্তু দপ্তরসমূহের ওয়েব পোর্টাল পর্যালোচনা করে দেখা যায় বেশ কিছু দপ্তরের কর্মকর্তা/অফিস প্রধানের তথ্য হালনাগাদ করা নাই। তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করার জন্য সকল দপ্তর প্রধানের দৃষ্টি আকর্ষণ করা হয়।</td>
<td>সহকারী প্রোগ্রামারের সহযোগিতায় স্ব স্ব দপ্তরের তথ্য বাতায়নে হালনাগাদ তথ্য আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়।</td>
<td>সহকা[illegible] আইসি[illegible]</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৪। বিবিধ (ক) আপ্যায়ন সংক্রান্ত ঃ | উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/-টাকা এবং আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত হয়েছে। | ২৪। (ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (জ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/-টাকা এবং আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা |
| (খ) উপজেলা রাজস্ব তহবিলের অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে অর্থ স্থানান্তর প্রসঙ্গে ঃ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৫ (গ) অনুচ্ছেদ অনুযায়ী রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থবছরে ৩০ জুন এর পর উন্নয়ন তহবিলে স্থানান্তরের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের ২০.০০ (বিশ লক্ষ) টাকা ২০২৩-২০২৪ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরার দৃষ্টি আকর্ষণ করা হয়। | ২৪। (খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৫ (গ) অনুচ্ছেদ অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরের উপজেলা রাজস্ব তহবিলের ২০.০০ (বিশ লক্ষ) টাকা ২০২৩-২০২৪ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়। | চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা |
| (গ) উপজেলা পরিষদ ভবনের পানির লাইন মেরামত ও পানির ট্যাংকি পরিষ্কার সংক্রান্ত ঃ | উপজেলা পরিষদ ভবনের পানির লাইন মেরামত ও পানির ট্যাংকি জরুরী ভিত্তিতে পরিষ্কার-পরিচ্ছন্ন করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করা হয়। | ২৪। (গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ট) অনুচ্ছেদ অনুযায়ী পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাতের অর্থায়নে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ ভবনের পানির লাইন মেরামত ও পানির ট্যাংকি পরিষ্কার-পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা |
| (ঘ) অফিস সরঞ্জাম ক্রয় সংক্রান্ত ঃ | উপজেলায় ১২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আইসিটি উপকরণ হিসাবে পেন ড্রাইভ সরবরাহ করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করা হয়। | ২৪। (ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (চ) অনুচ্ছেদ অনুযায়ী ) অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা |
| (ঙ) বর্জ্য নিষ্কাশন, ড্রেণ ও পরিষ্কার পরিচ্ছন্নতা ঃ | উপজেলা পরিষদ চত্বর পরিষ্কার-পরিচ্ছন্নতা, ড্রেণ পরিষ্কার ও বর্জ্য নিষ্কাশন বাবদ ২৫,০০০/- টাকা (পঁচিশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | ২৪। (ঙ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ভ) অনুচ্ছেদ অনুযায়ী বর্জ্য নিষ্কাশন ও পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে উপজেলা পরিষদ চত্বর পরিষ্কার-পরিচ্ছন্নতা, ড্রেণ পরিষ্কার ও বর্জ্য নিষ্কাশন বাবদ ২৫,০০০/- টাকা (পঁচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা |
| (চ) জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩ উদযাপন | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে দেশের সকল উপজেলায় জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩ উদযাপন বাবদ উপজেলা রাজস্ব তহবিল হতে ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় করা নির্দেশনা পাওয়া গেছে। | ২৪। (চ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলায় জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩ উদযাপন বাবদ উপজেলা রাজস্ব তহবিল হতে ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সাথে সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের ধারা অব্যাহত রেখে এবং জনস্বার্থে স্ব স্ব অবস্থান সুচারুভাবে দায়িত্ব পালন করে যাওয়ার আহ্বান জানান। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

CamScanner

(মোঃ কামাল হোসেন)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শালিখা, মাগুরা

স্মারক নং- ০৫.৪৪.৫৫৮৫.০০০.০৬.০০১.২২-৯৫২

তারিখ : ৩১.০৮.২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, ৯২ ,মাগুরা- ২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা ।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, বিভাগীয় কমিশনার অফিস, খুলনা।
০৫। জেলা প্রশাসক, মাগুরা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা।
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা।
০৯। উপজেলা................................................ কর্মকর্তা (সকল), শালিখা, মাগুরা।
১০। চেয়ারম্যান................................................ইউপি (সকল), শালিখা, মাগুরা ।
১১। জনাব.............................................................. শালিখা, মাগুরা।
১২। অফিস কপি

(ইয়াসমিন মনিরা)
উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা
ফোন : ০৪৮৫৩৫৬০০৩
ই-মেইল : unoshalikha@gmail.com

CamScanner

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরাঃ পরিশিষ্ট "ক" (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়)

| ক্রমিক নং | উপস্থিত সদস্যবৃন্দের নাম/ পদবী | প্রতিনিধি উপঃ |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা | |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা | |
| ৩. | ভাইস - চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা,মাগুরা | |
| ৪. | মহিলা ভাইস - চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা,মাগুরা | |
| ৫. | চেয়ারম্যান, ধনেশ্বরগাতী ইউপি, শালিখা,মাগুরা | |
| ৬. | চেয়ারম্যান, তালখড়ি ইউপি, শালিখা,মাগুরা | |
| ৭. | চেয়ারম্যান, আড়পাড়া ইউপি, শালিখা,মাগুরা | |
| ৮. | চেয়ারম্যান, শতখালী ইউপি, শালিখা,মাগুরা | |
| ৯. | চেয়ারম্যান, শালিখা ইউপি, শালিখা,মাগুরা | |
| ১০. | চেয়ারম্যান, বুনাগাতি ইউপি, শালিখা,মাগুরা | |
| ১১. | চেয়ারম্যান, গংগারামপুর ইউপি, শালিখা,মাগুরা | |
| ১২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শালিখা, মাগুরা | |
| ১৩. | উপজেলা কৃষি অফিসার, শালিখা, মাগুরা | |
| ১৪. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শালিখা,মাগুরা | |
| ১৫. | উপজেলা মৎস্য অফিসার, শালিখা, মাগুরা | |
| ১৬. | উপজেলা সমাজসেবা অফিসার, শালিখা, মাগুরা | |
| ১৭. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শালিখা, মাগুরা। | |
| ১৮. | উপজেলা শিক্ষা অফিসার, শালিখা, মাগুরা | |
| ১৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শালিখা, মাগুরা | |
| ২০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা | |
| ২১. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শালিখা, মাগুরা | |
| ২২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা | |
| ২৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শালিখা, মাগুরা | |
| ২৪. | উপজেলা ফরেস্টার, শালিখা, মাগুরা | |
| ২৫. | উপজেলা সমবায় অফিসার, শালিখা | |
| ২৬. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শালিখা | |
| ২৭. | উপজেলা ইউডিএফ, শালিখা, মাগুরা | |
| ২৮. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা , শালিখা, মাগুরা | |
| ২৯. | উপজেলা পরিসংখ্যান অফিসার, শালিখা, মাগুরা | |
| ৩০. | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, শালিখা, মাগুরা | |
| ৩১. | সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, শালিখা, মাগুরা | |
| ৩২. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শালিখা, মাগুরা | |
| ৩৩. | তথ্য সেবা কর্মকর্তা, শালিখা, মাগুরা | |

### সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | সংরক্ষিত মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, শালিখা,মাগুরা | |
| ২. | সংরক্ষিত মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ, শালিখা,মাগুরা | |